

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩৫৮৮

পর্ব-১৭: দণ্ডবিধি (کتاب الحدود)

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ

اَلْفَصْلُ التَّالِثُ

আরবী

وَعَنِ ابْنِ عُمَرَ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «إِقَامَةُ حَدِّ مِنْ حُدُودِ اللَّهِ خَيْرٌ مِنْ مَطَرِ أَرْبَعِينَ لَيْلَةً فِي بلادِ الله» . رَوَاهُ ابْن مَاجَه

বাংলা

৩৫৮৮-[৩৪] ইবনু 'উমার (রাঃ) হতে বর্ণিত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ আল্লাহ তা'আলার দণ্ডবিধিসমূহের কোনো একটি দণ্ড কার্যকর করা, আল্লাহ তা'আলার নগরসমূহে চল্লিশ দিন (অবিরত) বৃষ্টি বর্ষণের চেয়েও উত্তম। (ইবনু মাজাহ)[1]

ফুটনোট

[1] হাসান : ইবনু মাজাহ ২৫৩৭, সহীহ আল জামি' ১১৩৯, সহীহ আত্ তারগীব ২৩৫০।

ব্যাখ্যা

ব্যাখ্যা: ত্বীবী (রহঃ) বলেনঃ হাদ্দ সমাজে বাস্তবায়ন করা পাপাচার থেকে বিরত থাকার ধমকি স্বরূপ আর আকাশমন্ডলীর রহমাতের দরজার খোলার বরকত স্বরূপ। আর হাদ্দ সমাজে বাস্তবায়ন না থাকলে পাপাচারের দরজাকে উন্মুক্ত করার অন্যতম কারণ হয়ে থাকে। আর দুর্ভিক্ষ ও অনাবৃষ্টিরও কারণ। (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন